



এশিয়ান আমেরিকান লিগ্যাল ডিফেন্স ও শিক্ষা তহবিল

৯৯ হাডসন স্ট্রীট, ১২ তলা। নিউইয়র্ক - ১০০১৩, ফোন ২১২-৯৬৬-৫৯৩২, www.aaldef.org • info@aaldef.org

দ্বিভাষিক ব্যালট এবং এশিয়ান আমেরিকানদের জন্য ভাষা সহায়তা

ভোটিং অধিকার আইন এর ২০৩ অধ্যায়

১৯৭০ এর গোড়ার দিকে মার্কিন কংগ্রেস বুঝতে পারল যে, এশিয়ান আমেরিকান, ল্যাটিন, আলাস্কা নেটিভ ও নেটিভ আমেরিকানদের বেশীরভাগ ইংরেজীতে সম্পূর্ণভাবে দক্ষতা না থাকার কারণে নির্বাচনে অংশগ্রহণে বাধার সম্মুখীন হয়। ফলশ্রুতিতে কংগ্রেস, ভোটিং অধিকার আইন এর অনুচ্ছেদ ২০৩ এর অধীনে ভাষা সহায়তা আইন পাস করে।

অনুচ্ছেদ ২০৩ এর আদেশ

অনুচ্ছেদ ২০৩ এর অধীনে স্থানীয় বিচারব্যবস্থায় ব্যালট, ভোটার নিবন্ধন ফর্ম, ভোট নির্দেশনাবলী এবং অন্য সব ভোট উপকরণ অবশ্যই অনুবাদ করতে হবে এবং প্রতিটি নির্বাচনী এলাকায় দ্বিভাষী নিয়োগ নিশ্চিত করতে হবে। আইন অনুসারে, ভোটার নিজের পছন্দ মত- যেমন কোন বন্ধু, এমন কাউকে সংগে করে ভোটকেন্দ্রে নিজ সাহায্যের জন্য নিয়ে আসতে পারবে - যাতে করে সে ভোট উপকরণ বুঝতে পারে। এছাড়াও অনুচ্ছেদ ২০৩ নির্বাচন কর্মকর্তাদেরকে স্থানীয় কমিউনিটি ভিত্তিক সংগঠনগুলোর সাথে অন্যান্য ভাষায় সহায়তা প্রোগ্রাম নিয়ে কাজ করতে উৎসাহ প্রদান করে।

অনুচ্ছেদ ২০৩ এর আবেদন

অনুচ্ছেদ ২০৩ এ অধিকার প্রয়োগ করার জন্য প্রয়োজন জনগণনায় ৫% অথবা ১০,০০০ এর বেশী ভোটার (১৮ বছর বয়স) নাগরিক যারা এশিয়ান ভাষা-ভাষী, যাদের ইংরেজীতে সীমিত দক্ষতা এবং জাতীয় নিরক্ষরতার হারের চেয়ে তাদের নিরক্ষরতার হার অনেক বেশী আছে। আদমশুমারী ২০১০ এর ফলাফলের ভিত্তিতে, যেসব কাউন্টি ও সিটিতে ভোট উপকরণ অনুবাদিত হয়েছে এবং দ্বিভাষী নিয়োগ করা হয়েছে, সেসব অনুচ্ছেদ ২০৩ অনুযায়ী নতুনভাবে সংযোজিত কিছু নির্দিষ্ট ভাষা/উপভাষা এর তালিকাটি ডান পাশের চার্টে উল্লেখ করা হলো।

অনুচ্ছেদ ২০৩ বাস্তবায়নে সমস্যা সমূহ

এশিয়ান ভাষা-ভাষী ভোটারদের জন্য অনুচ্ছেদ ২০৩ প্রয়োগে কিছু সমস্যা রয়েছে, যেমনঃ

- বিচার ব্যবস্থা কোন ভাষা সহায়তা প্রদানে ইচ্ছুক নয়;
- উপকরণগুলোর ভুল অনুবাদ;
- দ্বিভাষীদের ভুল ভাষা বা উপভাষায় কথা বলা;
- পোল সাইটে অনুবাদকৃত উপকরণ ও চিহ্ন খুজে না পাওয়া;
- দ্বিভাষী স্বল্পতা;

এই সমস্যা সমস্যাগুলো অবিলম্বে যথাযথ কর্মকর্তাদের কাছে জানানো প্রয়োজন।

ভাষা সহায়তা প্রদানে স্বেচ্ছা সেবকতা

অনেক মার্কিন কাউন্টিতে, অনেক এশিয়ান ভাষা-ভাষী রয়েছে কিন্তু অনুচ্ছেদ ২০৩ এর ধারা অনুযায়ী পরীক্ষা দিতে খুব কম সংখ্যক সক্ষম মানুষ আছে। এই ক্ষেত্রে, কমিউনিটি গ্রুপ স্থানীয় নির্বাচনী কর্মকর্তাদের সাথে কাজ করছে। তারা ভাষা সহায়তা প্রদান সহ বিভিন্ন উপকরণ অনুবাদ করে থাকে।

উদাহরণস্বরূপঃ

ফিলাডেলফিয়া - শহরের কমিশনারবৃন্দ পোল সাইটে চাইনিজ, ভিয়েতনামিজ এবং থিমির এই ভাষাগুলোতে দ্বিভাষীদের নিয়োগ দিয়েছেন।

বোস্টন - স্টেট আইন দ্বিভাষী ব্যালট এবং চাইনিজ ও ভিয়েতনামিজ ভাষার সহায়তা প্রদানে নির্দেশ দিয়েছে।

স্থানীয় নির্বাচনী কর্মকর্তাদের সাথে একসাথে কাজ করার মাধ্যমে নির্বাচনে এশিয়ান আমেরিকানদের অংশগ্রহণ আরো বৃদ্ধি পেতে পারে।

বিস্তারিত তথ্যের জন্য যোগাযোগ করুন AALDEF এর সাথে এবং এজন্য ইমেইল করুন “info@aaldef.org” অথবা কল করুন ২১২-৯৬৬-৫৯৩২ এইনম্বরে

ভোটিং অধিকার আইনের অনুচ্ছেদ ২০৩ এর অধীনে আদম শুমারী ২০১০ এর ফলাফলের ভিত্তিতে এশিয়ান ভাষা-ভাষী অধ্যুষিত এলাকার তালিকাটি নিম্নোক্তঃ

আলাস্কা

-- এলিউশিয়ানের পূর্ব বরোঃ ফিলিপিনো

--এলিউশিয়ানের পশ্চিম আদম শুমারী এলাকাঃ ফিলিপিনো

ক্যালিফোর্নিয়া

--আলামেদাঃ চাইনিজ, ফিলিপিনো, ভিয়েতনামিজ

--লস এঞ্জেলসঃ চাইনিজ, জাপানিজ, কোরিয়ান, ফিলিপিনো, ভিয়েতনামিজ, ভারতীয়, অন্যান্য (উল্লেখিত নয়)

--অরেঞ্জঃ চাইনিজ, কোরিয়ান, ভিয়েতনামিজ

-- সাক্রামেন্টঃ চাইনিজ

--সানদিয়োগোঃ চাইনিজ, ফিলিপিনো, ভিয়েতনামিজ

--সান ফ্রান্সিসকোঃ চাইনিজ

-- সান মাতোঃ চাইনিজ

--সান্তা ক্লারাঃ চাইনিজ, ফিলিপিনো, ভিয়েতনামিজ

হাওয়াই

-- হোনোলুলুঃ চাইনিজ, ফিলিপিনো, জাপানিজ

--মাউইঃ ফিলিপিনো

ইলিনয়েস

--কুকঃ চাইনিজ, ভারতীয়

মেসিচুসেট

--কুইন্স সিটিঃ চাইনিজ

মিশিগান

-- হ্যামট্রমক সিটিঃ বাংলাদেশী

নেভাদা

-- ক্লার্কঃ ফিলিপিনো

নিউ জার্সি

--বারগেনঃ কোরিয়ান

নিউ ইয়র্ক

-- কিংস (ব্রুকলিন) : চাইনিজ

--নিউ ইয়র্ক (ম্যানহাটন) : চাইনিজ

--কুইন্সঃ চাইনিজ, কোরিয়ান, ভারতীয়

টেম্পাস -- হ্যারিসঃ ভিয়েতনামিজ, চাইনিজ

ওয়াশিংটন

-- কিংঃ চাইনিজ, ভিয়েতনামিজ